

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৯৩২

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১০. প্রথম অনুচ্ছেদ - অংশীদারিত্ব ও ওয়াকালাহ (দায়িত্ব প্রদান)

بَابُ الشِّرْكَةِ وَالْوَكَالَةِ

আরবী

وَعَنْ عُرْوَةَ بْنِ أَبِي الْجَعْدِ الْبَارِقِيِّ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَعْطَاهُ دِينَارًا لِيَشْتَرِيَ بِهِ شَاءَ فَاشْتَرَى لَهُ شَاءِنَ فَبَاعَ إِحْدَاهُمَا بِدِينَارٍ وَأَتَاهُ بِشَاءَ وَدِينَارٍ فَدَعَاهُ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي بَيْعِهِ بِالْبَرَكَةِ فَكَانَ لَوْ اشْتَرَى تُرَابًا لَرَبِيعٍ فِيهِ. رَوَاهُ الْبُخَارِيُّ

বাংলা

২৯৩২-[৩] 'উরওয়াহ্ ইবনু আবুল জাদ আল বারিকী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে একটি বকরি ক্রয়ের জন্য একটি দীনার (স্বর্ণমুদ্রা) দিলেন। তিনি তা দ্বারা তাঁর জন্য দু'টি বকরি ক্রয় করলেন। অতঃপর একটি এক দীনারে বিক্রি করে দিলেন এবং একটি বকরি ও একটি দীনার তাঁকে এনে দিলেন। অতএব, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ক্রয়-বিক্রয়ের ব্যাপারে তাঁর জন্য বরকতের দু'আ করলেন। সুতরাং তিনি যদি মাটিও ক্রয় করতেন, তাতেও লাভবান হতো। (বুখারী)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৩৬৪২, আবু দাউদ ৩৩৮৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: 'উরওয়াহ্ এর অপর বর্ণনায় রয়েছে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য একটি চাদর নিয়ে আসা হলো, আর তিনি আমাকে এক দীনার দিলেন এবং বললেন, হে 'উরওয়াহ্! চাদর দাও, অতঃপর আমার জন্য একটি ছাগল কিনে নিয়ে এসো। অতঃপর আমি এক দীনার দিয়ে দু'টি ছাগল কিনলাম। উল্লেখিত হাদিস থেকে পাওয়া যায় যে, অতিরিক্ত জিনিস বিক্রি করা জায়িয়। তবে ইমাম শাফিঁ-এর মতে জায়িয় নয়। আর

এটাও বুরো ঘায়, যেমন ‘উরওয়াহ্ একই সাথে বিক্রেতা ও ক্রেতা ছিলেন। (ফাতভুল বারী ৬ষ্ঠ খন্ড, হাঃ ৩৬৪২)

হাদিসের মান: **সহিহ (Sahih)** পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ উরওয়া বারিকী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68259>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন